

একি গভীর বাণী এল ঘন মেঘের আড়াল ধ'রে
সকল আকাশ আকুল ক'রে ॥
সেই বাণীর পরশ লাগে, নবীন প্রাণের বাণী জাগে,
হঠাৎ দিকে দিগন্তরে ধরার হৃদয় ওঠে ভরে ॥
সে কে বাঁশি বাজিয়েছিল কবে প্রথম সুরে তালে,
প্রাণেরে ডাক দিয়েছিল সুদূর আঁধার আদিকালে ।
তার বাঁশির ধ্বনিখানি আজ আষাঢ় দিল আনি,
সেই অগোচরের তরে আমার হৃদয় নিল হ'রে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Mishra-Kedara
Visit www.geetabitan.com for notation and other detail